সিলেট বোর্ড ২০১৬

হিসাববিজ্ঞান : দ্বিতীয়পত্র

বিষয় কোড: ২ ৫ ৪

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট | সৃজনশীল | পূর্ণমান — ৬০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। ক বিভাগ থেকে দুইটি এবং খ বিভাগ থেকে যে কোনো চারটি প্রশ্ন নিয়ে মোট ছয়টি প্রশ্নের উত্তর দাও।]

ক বিভাগ

১. ▶

হিমাদ্রী লিমিটেড
রেওয়ামিল
৩১ ডিসেম্বর, ২০১৫

বিবরণ	টাকা	বিবরণ	টাকা
পণ্য ক্রয়	৭,৮০,০০০	শেয়ার মূলধন (বিলিকৃত ও তলবকৃত ৬,০০০ শেয়ার প্রতিটি ১০০ টাকা)	৬,০০,০০০
পণ্য ফেরত	৪,০০০		
প্রারম্ভিক মজুদ পণ্য	৮০,০০০		
পরিবহন	৩৬,০০০	সাধারণ সঞ্চিতি	৫৮,০০০
মজুরি	৯৬,৬০০	প্রদেয় হিসাব	৩০,০০০
বেতন	৬০,০০০	বিক্রয়	১১,৫০,০০০
মনিহারি	৩০,০০০	প্রদেয় নোট	৮,০০০
সরঞ্জাম	২,২০,০০০	পণ্য ফেরত	১০,০০০
কলকব্জা	২,৮০,০০০	অবচয় সঞ্চিতি-সরঞ্জাম	১২,০০০
অনাদায়ী পাওনা	৬,৪০০	অবচয় সঞ্চিতি-কলকব্জা	৪০,০০০
প্রাপ্য হিসাব	২,৩৯,০০০	সংরক্ষিত আয় বিবরণীর উদ্বৃত্ত	৮,০০০
আয়কর	৬,০০০	বিনিয়োগের সুদ	৪,০০০
অন্তর্বর্তীকালীন লভ্যাংশ	৯,০০০		
৮% বিনিয়োগ	৬০,০০০		
অনাদায়ী তলব	১৩,০০০		
	১৯,২০,০০০		১৯,২০,০০০

সমন্বয়সমূহ : ১. ৩১ ডিসেম্বর ২০১৫ তারিখে মজুদ পণ্যের মূল্যায়ন করা হয়েছিল ১,৩২,০০০ টাকা কিন্তু পরবর্তীতে ২৫,০০০ টাকার পণ্য আগুনে বিনষ্ট হয়ে যায়। বিমা কোম্পানি ১৭,০০০ টাকা ক্ষতিপূরণ দিতে স্বীকৃত হয়েছে। ২. প্রারম্ভিক মজুদের মধ্যে ৮,০০০ টাকার মনিহারি ক্রয় অন্তর্ভুক্ত আছে। মনিহারির অর্ধাংশ ব্যবহৃত হয়েছে। ৩. মুনাফাবিহীন বিক্রয়ের পরিমাণ ৪৮,৭০০ টাকা। ৪. সরঞ্জাম ও কলকব্জার ক্রমহ্রাসমান জের-এর ওপর ১০% হারে অবচয় ধার্য করতে হবে। ৫. আদায়কৃত মূলধনের ১০% বার্ষিক লভ্যাংশ ঘোষণা করতে হবে। ৬. নিট লাভের ৮,০০০ টাকা সাধারণ সঞ্চিতি তহবিলে এবং ১১,০০০ টাকা লভ্যাংশ সমতাকরণ তহবিলে স্থানান্তর করতে হবে।

ক. সরঞ্জাম ও কলকব্জার ওপর অবচয়ের পরিমাণ দেখাও। ২

খ. চলতি বছরের মোট লাভ নির্ণয় করো। ৪

গ. নিট লাভ ১,৭০,০০০ টাকা ধরে সংরক্ষিত আয় বিবরণী তৈরি করো। ৪

২. ▶ **মুনমুন লিমিটেড**

রেওয়ামিল

৩১ ডিসেম্বর, ২০১৫

বিবরণ	টাকা	বিবরণ	টাকা
প্রারম্ভিক মজুদ পণ্য	৩,৮০,০০০	আদায়কৃত মূলধন	১৫,০০,০০০
ক্রয়	১২,০০,০০০	পণ্য বিক্রয়	২১,১৮,০০০
মজুরি	১,১০,০০০	৬% ঋণপত্র (১-৭-১৫)	২,৪০,০০০
বেতন	১,৮০,০০০	শেয়ার অধিহার	৪,৫০,০০০
মনিহারি	১৮,০০০	প্রদেয় হিসাব	১,০৯,০০০
ক্রয় পরিবহন	২৩,০০০	কু-ঋণ সঞ্চিতি	৩১,০০০
প্রাপ্য হিসাব	২,১০,০০০	বিনিয়োগের সুদ	২৩,০০০
প্রাথমিক খরচাবলি	৬০,০০০		
সুনাম	১,০০,০০০		
আসবাবপত্র	২,০০,০০০		
ভূমি ও দালানকোঠা	১৪,৯০,০০০		
৮% বিনিয়োগ	৫,০০,০০০		
	৪৪,৭১,০০০		৪৪,৭১,০০০

সমন্বয়সমূহ : ১. সমাপনী মজুদ পণ্যের মূল্য ৪,৮০,০০০ টাকা কিন্তু-এর মধ্যে ১৮,০০০ টাকার পণ্য অন্তর্ভুক্ত আছে যা বিক্রয় করা হয়েছে কিন্তু সরবরাহ করা হয় নি। ২. বিজ্ঞাপন বাবদ বিনামূল্যে পণ্য বিতরণ করা হয়েছে ৪০,০০০ টাকা। বিজ্ঞাপন ব্যয়ের $\frac{৩}{৫}$ অংশ বিলম্বিত করতে হবে। ৩. প্রাপ্য হিসাবের ১০% কু-ঋণ সঞ্চিতি ধার্য করতে হবে। ৪. ভূমি ও দালানকোঠার অন্তর্ভুক্ত ৫,০০,০০০ টাকা বছরের মাঝামাঝি সময়ে ক্রয় করা হয়েছে। ৫. সুনামের ২৫% ও প্রাথমিক খরচের ২০% অবলোপন করো। ৬. ভূমি ও দালানকোঠার ৫% এবং আসবাবপত্রের ওপর ১০% অবচয় ধার্য করো।

ক. সমাপনী চলতি সম্পত্তির মোট পরিমাণ নির্ণয় করো। ২

খ. বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় করো। ৪

গ. মোট লাভ ৯,০৭,০০০ টাকা ধরে নিট লাভ নির্ণয় করো। ৪

খ বিভাগ

৩. ▶ উষা জাগরণী সংঘ

প্রাপ্তি ও প্রদান হিসাব

৩১ ডিসেম্বর, ২০১৫

প্রাপ্তি	টাকা	প্রদান	টাকা
প্রারম্ভিক নগদ উদ্বৃত্ত	৮,৫০০	কর্মচারীদের বেতন	১০,৩০০
চাঁদা ২০১৪ ৭০০		ক্লাব ঘর ভাড়া	১০,০০০
২০১৫ ৫৪,০০০		খেলাধুলার সরঞ্জাম	২০,০০০
২০১৬ ৩০০	৫৫,০০০	(০১-০৭-১৫ তারিখে ক্রীত)	
উইলকৃত ধন-দৌলত	৪৫,৫০০	পুস্তক ক্রয়	১৫,০০০
অনুদান	৬,০০০	খাদ্যসামগ্রী ও পানীয় ক্রয়	৭,৮০০
খাদ্যসামগ্রী ও পানীয় বিক্রয়	২৫,০০০	১০% ঋণপত্র ক্রয়	৪০,০০০
চারণ কর	৪,২০০	বার্ষিক ক্রীড়া বাবদ ব্যয়	২৮,৮০০
বৃত্তি তহবিল	৫,০০০	বৃত্তি প্রদান	৪,৫০০
পুরাতন আসবাবপত্র বিক্রয়	৮০০	সমাপনী নগদ উদ্বৃত্ত	১৩,৬০০
(ক্রয়মূল্য ৫০০ টাকা)			
	১,৫০,০০০		১,৫০,০০০

সমন্বয় :

	০১-০১-১৫	৩১-১২-১৫
খেলাধুলার সরঞ্জাম	২০,০০০	?
আসবাবপত্র	১৮,০০০	?
খাদ্যসামগ্রী ও পানীয় মজুদ	১,৮০০	২,৩০০
বকেয়া ভাড়া	১,০০০	১,৮০০

অন্যান্য তথ্য : ১. অনুদানের অর্ধাংশ ও উইলকৃত ধন-দৌলতের এক-চতুর্থাংশ মুনাফা জাতীয় আয় হিসাবে ধরতে হবে। ২. আসবাবপত্রের সমাপনী উদ্বৃত্তের ওপর ১০% এবং খেলাধুলার সরঞ্জামের ওপর ১৫% অবচয় ধরতে হবে। ৩. ক্লাবের মোট সদস্য ৬০০ জন। যাদের বার্ষিক চাঁদার হার জনপ্রতি ১০০ টাকা। ২০১৪ সালের মোট অনাদায়ী চাঁদার পরিমাণ ১,২০০ টাকা।

ক. খাদ্যসামগ্রী ও পানীয় বিক্রয় হতে অর্জিত মুনাফা নির্ণয় করো। ২

খ. প্রারম্ভিক মূলধন তহবিল নির্ণয় করো। ৪

গ. ক্লাবের আর্থিক অবস্থার বিবরণীর সম্পদ পার্শ্ব দেখাও। ৪

৪. ▶ পাপ্পু, প্রিতম ও পাপন একটি অংশীদারি কারবারের তিনজন অংশীদার। তারা ২ ঃ ২ ঃ ১ অনুপাতে লাভ-ক্ষতি বণ্টন করে। ২০১৫ সালের শেষে অংশীদারদের মুনাফার অংশ, উত্তোলন এবং পাপনের বেতন সমন্বয়ের পর তাদের মূলধন হিসাবের উদ্বৃত্ত ছিল যথাক্রমে ৪১,০০০ টাকা, ৩১,৬০০ টাকা এবং ২৭,০০০

টাকা। পরবর্তী পর্যায়ে দেখা গেল যে মূলধন ও উত্তোলনের ওপর ৫% হারে সুদ ধার্য করার বিধান থাকলেও বিষয় দুটি সমন্বয় হয় নি। তাদের উত্তোলনের পরিমাণ ছিল যথাক্রমে ৯,০০০ টাকা, ৪,৪০০ টাকা ও ৭,০০০ টাকা এবং উত্তোলনের ওপর সুদের পরিমাণ ছিল যথাক্রমে ১৮০ টাকা, ৮০ টাকা ও ১৪০ টাকা। পাপনের বার্ষিক বেতন ৪,০০০ টাকা ডেবিট করার পর কিন্তু মূলধন ও উত্তোলনের সুদ সমন্বয়ের আগে নিট মুনাফা অর্জিত হয়েছিল ২০,০০০ টাকা। অংশীদারেরা এই মর্মে স্বীকৃত হয়েছিল যে লাভ-ক্ষতি অনুপাতে তাদের কারবারের মোট মূলধন হবে ১,০০,০০০ টাকা।

ক. অংশীদারদের পুনঃসমন্বিত মূলধনের বণ্টন দেখাও। ২

খ. অংশীদারদের প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় করো। ৪

গ. লাভ-ক্ষতি সমন্বয়ের হিসাব তৈরি করো। ৪

৫.▶প্রদীপ টিউবস লিমিটেড-এর অনুমোদিত মূলধন ৫০,০০,০০০ টাকা। যা প্রতিটি ১০ টাকা মূল্যের শেয়ারে বিভক্ত। কোম্পানি অনুমোদিত মূলধনের ৮০% শেয়ার ১০% অবহারে বিক্রয়ের উদ্দেশ্যে বাজারে ছাড়ল। কোম্পানি ইস্যুকৃত মূলধনের ১০% অতিরিক্ত আবেদন গ্রহণ করেছিল কিন্তু অতিরিক্ত আবেদনের সম্পূর্ণই আবেদনকারীদের ফেরত দেয়া হয়।

সায়েম এন্টারপ্রাইজ শেয়ার বিক্রির দায়িত্ব গ্রহণ করায় তাদেরকে ইস্যুকৃত শেয়ারের ৫% কমিশন বাবদ শেয়ার দ্বারা পরিশোধ করা হয়।

ক. সায়েম এন্টারপ্রাইজকে কমিশন বাবদ কতগুলো শেয়ার দেয়া হয়েছে এবং-এর মূল্য কত? ২

খ. কোম্পানির হিসাব বহিতে জাবেদা দাখিলা দেখাও। ৪

গ. ব্যাংক উদ্বৃত্ত ৩৬,০০,০০০ টাকা ধরে কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী তৈরি করো। ৪

৬.▶ গোল্ডেন সেনিটারি লিমিটেড

আর্থিক অবস্থার বিবরণী

৩১ ডিসেম্বর, ২০১৫

সম্পদ	টাকা	দায়	টাকা
দালানকোঠা	৫,০০,০০০	শেয়ার মূলধন	৬,০০,০০০
কলকব্জা ও যন্ত্রপাতি	২,৫০,০০০	৮% ঋণ	২,৫০,০০০
মজুদ পণ্য	২,০০,০০০	সাধারণ সঞ্চিতি	২,০০,০০০
প্রাপ্য হিসাব	১,৫০,০০০	প্রদেয় হিসাব	১,০০,০০০
অগ্রিম খরচাবলি	২০,০০০	ব্যাংক জমাতিরিক্ত	৪০,০০০
দায় গ্রহণের কমিশন	৩০,০০০	বকেয়া খরচাবলি	১০,০০০
নগদ তহবিল	৫০,০০০		
	১২,০০,০০০		১২,০০,০০০

চলতি বছরে কোম্পানির মোট বিক্রয়ের পরিমাণ ১৫,০০,০০০ টাকা। কোম্পানি বিক্রয়মূল্যের ওপর ২০% হারে মোট মুনাফা ধার্য করে। সংশ্লিষ্ট বছরে কারবারের পরিচালনা সংক্রান্ত ব্যয়ের পরিমাণ ৭২,৮০০ টাকা। সংশ্লিষ্ট বছরে প্রারম্ভিক মজুদের পরিমাণ ছিল সমাপনী মজুদের অর্ধাংশ।

ক. কার্যকরী মূলধনের পরিমাণ নির্ণয় করো। ২

খ. মজুদ আবর্তন অনুপাত ও নিট লাভের হার নির্ণয় করো। ৪

গ. গড় আদায় সময় ও দায়-মালিকানা অনুপাত নির্ণয় করো। ৪

৭.▶ সেজান ফুডস লিমিটেড-এর প্রারম্ভিক মজুদের পরিমাণ ৩০ একক যার একক প্রতি মূল্য ৪৯০ টাকা। সংশ্লিষ্ট বছরে কোম্পানি ১,৯৫০ একক পণ্য প্রতিটি ৬০০ টাকা দরে বিক্রয় করেছে। ব্যয় বিশ্লেষণ করে দেখা যায় যে কাঁচামালের ব্যয় একক প্রতি ২১০ টাকা, মজুরি ব্যয় ঘণ্টা প্রতি ৩০ টাকা (প্রতি একক উৎপাদনের জন্য প্রয়োজন ৬ ঘণ্টা), উপরিব্যয় মজুরির ৮৩.৩৩%। বছরান্তে অবিক্রীত পণ্যের পরিমাণ ছিল ৮০ একক। বিক্রয় সংক্রান্ত ব্যয়ের পরিমাণ ১,৫০০ টাকা।

ক. উৎপাদিত পণ্যের পরিমাণ গণনাসহ দেখাও। ২

খ. অবিক্রীত পণ্যের মূল্য নির্ণয় করো। ৪

গ. আয় বিবরণী তৈরি করে বিক্রয়ের ওপর লাভের হার নির্ণয় করো। ৪

৮.▶ মৃন্ময় এসোসিয়েটস-এর দুই বছরের তথ্য নিচে দেয়া হলো—

বছর	বিক্রয় (টাকা)	মুনাফা (টাকা)
২০১৩	১০,০০,০০০	(৪০,০০০)
২০১৪	১৫,০০,০০০	১,০০,০০০

ক. কন্ট্রিবিউশন মার্জিন হার বা অনুদান প্রান্ত অনুপাতের হার নির্ণয় করো। ২

খ. স্থায়ী ব্যয় ও সমচ্ছেদ বিন্দুর পরিমাণ (টাকায়) নির্ণয় করো। ৪

গ. যদি ২০১৫ সালে পূর্বের বছরের চেয়ে অতিরিক্ত ১,৫০,০০০ টাকা মুনাফা করতে চায় তবে বিক্রয়ের পরিমাণ কত হবে? ৪

৯.▶মুশফিক গ্রুপে ৩ জন শ্রমিক কাজ করে। প্রতিষ্ঠানের মূল মজুরির হার ঘণ্টা প্রতি ১০ টাকা। ওভারটাইম করার জন্য ঘণ্টা প্রতি মূল মজুরির হারের ২ গুণ প্রদান করা হয়। এছাড়া শ্রমিকগণ মূল মজুরির ২০% মহার্ঘ ভাতা, ৫০% বাড়িভাড়া পেয়ে থাকে। প্রত্যেক শ্রমিক সপ্তাহে মূল মজুরির ১০% প্রভিডেন্ট ফান্ডে জমা করে। ২০১৫ সালের ডিসেম্বর মাসের প্রথম সপ্তাহে শ্রমিকরা নিম্নোক্ত শ্রমঘণ্টা কাজ করেছে—

ক্রমিক নং	শ্রমিকের নাম	স্বাভাবিক কর্মঘণ্টা	অতিরিক্ত কর্মঘণ্টা
১	শাপলা	৫০	১৫
২	বেলী	৫০	২০
৩	জবা	৪৮	১২

ক. শ্রমিকদের ওভারটাইম মজুরির পরিমাণ কত? ২

খ. শ্রমিকদের মোট উপার্জনের পরিমাণ নির্ণয় করো। ৪

গ. উক্ত সপ্তাহে নিয়োগকর্তা কর্তৃক পরিশোধ্য নিট মজুরির পরিমাণ নির্ণয় করো। ৪

উত্তরমালা

১. ক. সরঞ্জামের অবচয় ২০,৮০০ টাকা; কলকজার অবচয় ২৪,০০০ টাকা। খ. মোট লাভ ৩,০৩,৪০০ টাকা। গ. সংরক্ষিত আয় বিবরণীর সমাপনী উদ্বৃত্ত ৮৫,৩০০ টাকা।

২. ক. মোট চলতি সম্পদ ৬,৬৮,০০০ টাকা। খ. বিক্রীত পণ্যের ব্যয় ১২,১১,০০০ টাকা। গ. নিট মুনাফা ৬,১৬,৮০০ টাকা।

৩. ক. খাদ্যসামগ্রী ও পানীয় বিক্রয় হতে মুনাফার পরিমাণ ১৭,৭০০ টাকা। খ. প্রারম্ভিক মূলধন তহবিল ৪৮,৫০০ টাকা। গ. মোট সম্পদ ১,৩২,৬৫০ টাকা।

৪. ক. পুনঃসমন্বিত মূলধনের উদ্বৃত্ত : পাপ্পু ৪০,০০০ টাকা; প্রিতম ৪০,০০০ টাকা এবং পাপন ২০,০০০ টাকা। খ. প্রারম্ভিক মূলধনের উদ্বৃত্ত : পাপ্পু ৪২,০০০ টাকা; প্রিতম ২৮,০০০ টাকা এবং পাপন ২৬,০০০ টাকা। গ. সমন্বিত ক্ষতির অংশ: পাপ্পু ১,৭৬০ টাকা; প্রিতম ১,৭৬০ টাকা ও পাপন ৮৮০ টাকা।

৫. ক. কমিশন বাবদ প্রদত্ত ২০,০০০ শেয়ার এবং-এর মূল্য ২,০০,০০০ টাকা। খ. জাবেদার যোগফল ৮৫,২০,০০০ টাকা। গ. আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ৪২,০০,০০০ টাকা।

৬. ক. কার্যকরী মূলধন ২,৭০,০০০ টাকা। খ. মজুদ আবর্তন অনুপাত ৮ বার এবং নিট লাভের হার ১৫.১৫%। গ. গড় আদায় সময় ৩৬.৫০ দিন; দায়-মালিকানা অনুপাত ০.৫২ ঃ ১।

৭. ক. উৎপাদিত পণ্যের পরিমাণ ২,০০০ একক। খ. অবিক্রীত পণ্যের ব্যয় ৪৩,২০০ টাকা। গ. বিক্রয়ের ওপর লাভের হার ১০%।

৮. ক. কন্ট্রিবিউশন মার্জিন বা অনুদান প্রান্ত অনুপাতের হার ২৮%। খ. স্থায়ী ব্যয় ৩,২০,০০০ টাকা এবং সমচ্ছেদ বিক্রয় (টাকায়) ১১,৪২,৮৫৭ টাকা। গ. বিক্রয়ের পরিমাণ ২০,৩৫,৭১৪ টাকা।

৯. ক. মোট ওভারটাইম মজুরি ৯৪০ টাকা। খ. মোট উপার্জন : শাপলা ১,১৫০ টাকা; বেলী ১,২৫০ টাকা এবং জবা ১,০৫৬ টাকা। গ. নিট প্রদেয় মজুরি : শাপলা ১,১০০ টাকা; বেলী ১,২০০ টাকা এবং জবা ১,০০৮ টাকা।

বহুনির্বাচনি

সময় — ৪০ মিনিট পূর্ণমান — ৪০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি

১. আগে আসে আগে যায় পদ্ধতিতে কখন নিট মুনাফা বেশি হবে?
ক এককাধিক পণ্য বিক্রয় করলে
খ পণ্যের মূল্য উর্ধ্বগামী হলে
গ পণ্যের মূল্য নিম্নগামী হলে
ঘ পণ্যের মূল্য স্থির থাকলে

২. আচরণের ভিত্তিতে ব্যয় কত প্রকার?
ক ২ খ ৩ গ ৪ ঘ ৫

৩. বিক্রয় কমিশন কোন ধরনের ব্যয়?
ক কালীন ব্যয় খ পণ্য ব্যয়
গ প্রত্যক্ষ ব্যয় ঘ শ্রম ব্যয়

৪. কোনটি উৎপাদন ব্যয়ের অন্তর্ভুক্ত নয়?
ক প্রত্যক্ষ কাঁচামাল
খ প্রত্যক্ষ মজুরি
গ বিজ্ঞাপন খরচ
ঘ কারখানার যন্ত্রপাতির অবচয়

৫. নিমজ্জিত ব্যয় হচ্ছে—
i. অপ্রাসঙ্গিক ব্যয় ii. অতীত ব্যয়
iii. প্রাসঙ্গিক ব্যয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ৬-৮ নং প্রশ্নের উত্তর দাও।
বিক্রয় ৮০,০০০ টাকা, নিরাপত্তা প্রান্ত অনুপাত ৩০%, কন্ট্রিবিউশন মার্জিন অনুপাত ৪০% হলে—

৬. সমচ্ছেদ বিক্রয়ের পরিমাণ কত?
ক ২৪,০০০ টাকা খ ৩২,০০০ টাকা
গ ৪৮,০০০ টাকা ঘ ৫৬,০০০ টাকা

৭. স্থায়ী ব্যয়ের পরিমাণ কত?
ক ৯,৬০০ টাকা খ ২২,৪০০ টাকা
গ ২৪,০০০ টাকা ঘ ৩২,০০০ টাকা

৮. মুনাফার পরিমাণ কত?
ক ৯,৬০০ টাকা খ ৪৮,০০০ টাকা
গ ৫৬,০০০ টাকা ঘ ৭০,৪০০ টাকা

৯. কন্ট্রিবিউশন মার্জিন কোনটি?
ক বিক্রয় – পরিবর্তনশীল ব্যয় – স্থির ব্যয়
খ বিক্রয় – পরিবর্তনশীল ব্যয়
গ বিক্রয় – মুনাফা
ঘ বিক্রয় – স্থায়ী ব্যয়

১০. পরিকল্পনার সংখ্যাত্মক প্রকাশকে কী বলে?
ক বাজেট খ বাজেটীয় নিয়ন্ত্রণ
গ নিয়ন্ত্রণ ঘ পরিকল্পনা

উদ্দীপকটি পড়ো এবং ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও।
মাহী লি.-এর গড় প্রাপ্য হিসাব ৭৫,০০০ টাকা, প্রাপ্য হিসাব আবর্তন অনুপাত ২ বার, নগদ বিক্রয় ৫০,০০০ টাকা হলে—

১১. মোট বিক্রয়ের পরিমাণ কত?
ক ১,০০,০০০ টাকা খ ১,২৫,০০০ টাকা
গ ১,৫০,০০০ টাকা ঘ ২,০০,০০০ টাকা

১২. প্রাপ্য হিসাব আবর্তন অনুপাত ৩ বার হলে ব্যবসায়ের ওপর কী প্রভাব পড়বে?
ক নিট বিক্রয় কমে যাবে
খ প্রাপ্য হিসাবের পরিমাণ কমে যাবে
গ কুঋণ কমে যাবে
ঘ গড় সংগ্রহ সময় কমে যাবে

১৩. উৎপাদন ব্যয় হিসাববিজ্ঞানের প্রধান উদ্দেশ্য হলো—
i. আয়-ব্যয় নির্ণয়
ii. ব্যয় নির্ণয়
iii. ব্যয় নিয়ন্ত্রণ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১৪. মুখ্য ব্যয়ের উপাদান কোনটি?
ক পরোক্ষ কাঁচামাল খ বেতন
গ অবচয় ঘ প্রত্যক্ষ খরচ

উদ্দীপকটি পড়ো এবং ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও।
একটি উৎপাদনকারী প্রতিষ্ঠানে ব্যবহৃত কাঁচামালের পরিমাণ ৭০,০০০ টাকা, প্রত্যক্ষ মজুরি ৫০,০০০ টাকা, কারখানার ভাড়া ৩০,০০০ টাকা, সুদ ব্যয় ৫,০০০ টাকা এবং অফিসের বেতন ৫,০০০ টাকা।

১৫. কারখানার ব্যয়ের পরিমাণ কত?
ক ১,২০,০০০ টাকা খ ১,২৫,০০০ টাকা
গ ১,৫০,০০০ টাকা ঘ ১,৫৫,০০০ টাকা

১৬. প্রতিষ্ঠানটি যদি বিক্রয়মূল্যের ওপর ২০% মুনাফা চার্জ করে তবে মুনাফার পরিমাণ কত টাকা হবে?
ক ৩১,০০০ টাকা খ ৩২,০০০ টাকা
গ ৩৮,৭৫০ টাকা ঘ ৪০,০০০ টাকা

১৭. পরিপূরক সুবিধা কোনটি?
ক চিকিৎসা সুবিধা খ ওভারটাইম
গ টিফিন ভাতা ঘ ছুটির দিনের বেতন

১৮. মোট উপার্জনের প্রধান অংশ কোনটি?
ক বাড়িভাড়া ভাতা খ মূল বেতন বা মজুরি
গ ওভারটাইম ঘ চিকিৎসা ভাতা

১৯. বিন কার্ডে অন্তর্ভুক্ত থাকে—
i. মালের পরিমাণ ii. মালের মূল্য
iii. মালের আগমন ও নির্গমন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

২০. বিক্রয় ৩০,০০০ টাকা এবং ক্রয়মূল্যের ওপর মুনাফার হার ২৫% হলে বিক্রীত পণ্যের ব্যয় কত?
ক) ৬,০০০ টাকা খ) ৭,৫০০ টাকা
গ) ২২,৫০০ টাকা ঘ) ২৪,০০০ টাকা

২১. পরিচালন কার্যক্রমের উদাহরণ হচ্ছে—
i. অবচয় ধার্য ii. প্রাপ্য হিসাব বৃদ্ধি
iii. যন্ত্রপাতি ক্রয়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

২২. কোন বিবরণীতে সম্পদ, দায় ও মালিকানা স্বত্ব হিসাবভুক্ত করা হয়?
ক) বিশদ আয় বিবরণী খ) নগদ প্রবাহ বিবরণী
গ) মালিকানা স্বত্ব বিবরণী ঘ) আর্থিক অবস্থার বিবরণী

২৩. অনুপার্জিত আয় একটি—
ক) দায় খ) সম্পদ
গ) মালিকানা স্বত্ব ঘ) আয়

২৪. এবিসি লি.-এর পণ্য ক্রয় ২৬,০০০ টাকা, প্রারম্ভিক মজুদ পণ্য ৩,০০০ টাকা, ক্রয় পরিবহন ১,৫০০ টাকা, ক্রয় ফেরত ৫০০ টাকা এবং সমাপনী মজুদ পণ্য ৫,০০০ টাকা, হলে বিক্রীত পণ্যের ব্যয় কত?
ক) ৩১,০০০ টাকা খ) ২৮,৫০০ টাকা
গ) ২৫,০০০ টাকা ঘ) ২৪,৫০০ টাকা

২৫. এশিয়া লি.-এর পণ্য ক্রয় ২২,০০০ টাকা, পণ্য বিক্রয় ৩৩,০০০ টাকা, সমাপনী মজুদ পণ্য ৫,০০০ টাকা এবং বিক্রীত পণ্যের ব্যয় ২১,০০০ টাকা হলে মোট লাভ কত?
ক) ৬,০০০ টাকা খ) ১১,০০০ টাকা
গ) ১২,০০০ টাকা ঘ) ১৬,০০০ টাকা

২৬. ঘোষিত লভ্যাংশ একটি—
ক) দীর্ঘমেয়াদি দায় খ) স্থায়ী সম্পদ
গ) চলতি সম্পদ ঘ) চলতি দায়

২৭. পাবলিক লি. কোম্পানির ন্যূনতম সদস্য সংখ্যা কত?
ক) ২ খ) ৭ গ) ১০ ঘ) ২০

২৮. তরল সম্পদ হলো—
i. হাতে নগদ ii. মজুদ পণ্য
iii. প্রাপ্য হিসাব
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

২৯. চলতি অনুপাতের আদর্শ মান কত?
ক) ১ : ১ খ) ১ : ২
গ) ৩ : ১ ঘ) ২ : ১

৩০. কোনটি অব্যবসায়ী প্রতিষ্ঠানের মূলধন জাতীয় ব্যয়?
ক) সচিবের বেতন খ) বই ক্রয়
গ) মনিহারি ঘ) বিদ্যুৎ খরচ

৩১. অব্যবসায়ী মুনাফাভোগী প্রতিষ্ঠান কোনটি?
ক) প্রকৌশলী কনসালটেন্ট ফার্ম
খ) ক্লাব
গ) শিক্ষা প্রতিষ্ঠান ঘ) হাসপাতাল

৩২. প্রাপ্তি ও প্রদান হিসাবের উদ্বৃত্তকে কী বলা হয়?
ক) ব্যয় খ) আয় গ) দায় ঘ) সম্পদ

উদ্দীপকটি পড়ো এবং ৩৩ ও ৩৪ নং প্রশ্নের উত্তর দাও।
একতা ক্লাবের প্রাপ্তি ও প্রদান হিসাবে ভাড়া প্রদান ৬৪,০০০ টাকা, এর মধ্যে পরবর্তী বছরের ভাড়া ৪,০০০ টাকা, বছর শেষে মোট ভাড়ার $\frac{১}{৫}$ অংশ বকেয়া রয়েছে।

৩৩. সংশ্লিষ্ট বছরে মোট ভাড়ার পরিমাণ কত?
ক) ৬০,০০০ টাকা খ) ৬৮,০০০ টাকা
গ) ৭৫,০০০ টাকা ঘ) ৭৬,৮০০ টাকা

৩৪. সংশ্লিষ্ট বছরে বকেয়া ভাড়ার পরিমাণ কত?
ক) ১৬,০০০ টাকা খ) ১৫,০০০ টাকা
গ) ১২,৮০০ টাকা ঘ) ১২,০০০ টাকা

৩৫. অংশীদারগণ যদি প্রতি মাসের শেষ তারিখে উত্তোলন করে তবে গড়ে কত সময়ের সুদ ধরতে হয়?
ক) ৬.৫ মাসের খ) ৫.৫ মাসের
গ) ২.৫ মাসের ঘ) ১.৫ মাসের

৩৬. অংশীদারদের চলতি হিসাবে অন্তর্ভুক্ত থাকে—
i. অতিরিক্ত মূলধন
ii. মূলধনের সুদ ও উত্তোলনের সুদ
iii. বন্টিত মুনাফা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩৭. ক, খ ও গ একটি অংশীদারি কারবারের তিনজন অংশীদার। তারা প্রত্যেকে প্রতি মাসের প্রথম তারিখে ১,০০০ টাকা করে নগদ উত্তোলন করে। ৬% হার সুদে প্রত্যেক অংশীদারের মোট উত্তোলনের ওপর কত টাকা সুদ ধার্য হবে?
ক) ৭২০ টাকা খ) ৩৯০ টাকা
গ) ৩৬০ টাকা ঘ) ৩৩০ টাকা

৩৮. বিনিয়োগ কার্যক্রম হতে নগদ প্রবাহের উদাহরণ কোনটি?
ক) বেতন প্রদান খ) লভ্যাংশ প্রদান
গ) মেশিন ক্রয় ঘ) শেয়ার ইস্যু

উদ্দীপকটি পড়ো এবং ৩৯ ও ৪০ নং প্রশ্নের উত্তর দাও।
ভূমি ক্রয়, ১,০০,০০০ টাকা, প্রাপ্য হিসাব বৃদ্ধি ৫০,০০০ টাকা, শেয়ার ইস্যু ২,০০,০০০ টাকা, লভ্যাংশ প্রদান ১০,০০০ টাকা, প্রাথমিক খরচের অবলোপন ৩০,০০০ টাকা।

৩৯. অর্থায়ন কার্যক্রম হতে নিট নগদ প্রবাহ কত?
ক) ১,৯০,০০০ টাকা খ) ২,০০,০০০ টাকা
গ) ২,১০,০০০ টাকা ঘ) ২,২০,০০০ টাকা

৪০. পরিচালন কার্যক্রম হতে নিট নগদ প্রবাহ কত?
ক) ১,০০,০০০ টাকা খ) ৬০,০০০ টাকা
গ) ৩০,০০০ টাকা ঘ) ২০,০০০ টাকা

উত্তরমালা

১	ঘ	২	খ	৩	ক	৪	গ	৫	ক	৬	ঘ	৭	খ	৮	ক	৯	ঘ	১০	ক	১১	ঘ	১২	ঘ	১৩	গ	১৪	ঘ	১৫	গ	১৬	গ	১৭	ক	১৮	ঘ	১৯	গ	২০	ঘ
২১	ক	২২	ঘ	২৩	ক	২৪	গ	২৫	গ	২৬	ঘ	২৭	খ	২৮	গ	২৯	ঘ	৩০	খ	৩১	ক	৩২	ঘ	৩৩	গ	৩৪	খ	৩৫	খ	৩৬	গ	৩৭	খ	৩৮	গ	৩৯	ক	৪০	খ